গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৫৮/২০১৯-২০২০
ঢাকা, ১৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার ২০১৯, ৪ আশ্বিন ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট বিলে রাষ্ট্রপতির সম্মতি
২। আর্তমানবতার সেবায় অর্জিত জ্ঞান কাজে লাগান : নবীন নার্সদের প্রতি প্রধানমন্ত্রী
৩। জাতিসংঘ সাধারণ পরিষদে যোগ দিতে আগামীকাল নিউইয়র্কে রওনা হবেন প্রধানমন্ত্রী
রোহিঙ্গা সমস্যা সমাধানে নতুন প্রস্তাব দেবেন প্রধানমন্ত্রী : সংবাদসম্মেলন পররাষ্ট্রমন্ত্রী
৪। রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা করবে চীন : পররাষ্ট্রমন্ত্রী
৫। স্পিকারের সঙ্গে ব্রিটেনের প্রতিনিধিদলের সাক্ষাৎ :
মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান
৬। রোহিঙ্গাদের পাসপোর্ট দেওয়ায় জড়িত থাকলেই ব্যবস্থা
দুর্গাপূজার নিরাপত্তায় আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় সাড়ে ৩ লাখ সদস্য নিয়োজিত থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। ২০৩০ সালের মধ্যে এসডিজি লক্ষ্য অর্জনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ : স্পিকার
৮। মেঘালয়ের গভর্নরের সঙ্গে তথ্যমন্ত্রীর সাক্ষাৎ : পর্যটন শিল্পের বিকাশে ঐকমত্য
৯। আলোচনার মাধ্যমে গ্রামীণফোন রবির পাওনার বিষয়টি নিষ্পত্তি হবে : অর্থমন্ত্রী
১০। রপ্তানি লক্ষ্যমাত্রা এবারও ছাড়িয়ে যাবে : বাণিজ্যমন্ত্রী
১৮২ ব্যবসায়ী পেলেন সিআইপি কার্ড
১১। অনলাইনে ৯০ ভাগ খতিয়ান আপলোড করা হয়েছে : ভূমিমন্ত্রী
১২। ডেঙ্গু নির্মূলে পাঁচ বছর মেয়াদি প্রকল্পের সিদ্ধান্ত গ্রহণ : ডিএসসিসি মেয়র
১৩। পর্যায়ক্রমে পুরো শিক্ষাব্যবস্থা জাতীয়করণ করা হবে : শিক্ষা উপমন্ত্রী
১৪। ৪২৮ কোটি টাকা ব্যয়ে চার ক্রয় প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন

চলমান পাতা-২

**১। আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট বিলে রাষ্ট্রপতির সম্মতি**

জাতীয় সংসদে পাশ হওয়া 'আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (সংশোধন) বিল, ২০১৯'-এ সম্মতি দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) রাষ্ট্রপতি বিলটিতে স্বাক্ষরের মাধ্যমে এ সম্মতি দেন। এর মধ্য দিয়ে সংসদের চতুর্থ অধিবেশনে পাশ হওয়া বিলটি আইনে পরিণত হলো। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)।

**২। আর্তমানবতার সেবায় অর্জিত জ্ঞান কাজে লাগান : নবীন নার্সদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আমাদের কাজই হচ্ছে জনগণকে সেবা দেওয়া। আমরা স্বাস্থ্যসেবাকে গ্রাম পর্যন্ত পৌঁছে দিয়েছি। দেশের বিভিন্ন স্থানে বিষয়ভিত্তিক ইনস্টিটিউট করে দিয়েছি। সেখানে নার্স লাগবে। তিনি নবীন গ্র্যাজুয়েট নার্সদের উদ্দেশে বলেন, কঠোর পরিশ্রম করে আর্তমানবতার সেবায় আপনারা আপনাদের আজকের সার্টিফিকেট প্রাপ্তির মাধ্যমে অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা কাজে লাগাবেন। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) গাজীপুরের কাশিমপুর তেঁতুইবাড়ীতে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল এবং নার্সিং কলেজের প্রথম স্নাতক সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধানমন্ত্রী আরো বলেন, তাঁর সরকার দেশে ও বিদেশে বিশেষায়িত নার্সদের ক্রমবর্ধমান চাহিদার জোগান দিতে তাদের প্রশিক্ষণকে আন্তর্জাতিক মানে উন্নীত করার জন্য কাজ করে যাচ্ছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭)।

**৩। জাতিসংঘ সাধারণ পরিষদে যোগ দিতে আগামীকাল নিউইয়র্কে রওনা হবেন প্রধানমন্ত্রী**
**রোহিঙ্গা সমস্যা সমাধানে নতুন প্রস্তাব দেবেন প্রধানমন্ত্রী : সংবাদসম্মেলন পররাষ্ট্রমন্ত্রী**

জাতিসংঘের সাধারণ পরিষদের ৭৪তম অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আট দিনের সফরে আগামীকাল ২০ সেপ্টেম্বর শুক্রবার নিউইয়র্কে যাত্রা করবেন। চলমান রোহিঙ্গা সংকট সমাধানে বাংলাদেশ এবার জাতিসংঘে ত্বরান্বিত বৈশ্বিক প্রচেষ্টা চালাবে। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) জাতিসংঘ অধিবেশনে প্রধানমন্ত্রীর অংশগ্রহণ এবং বিভিন্ন ইস্যুতে উচ্চপর্যায়ের বৈঠকগুলোতে যোগদান বিষয়ে এক সংবাদসম্মেলনে এসব কথা জানান। পররাষ্ট্রমন্ত্রী জানান, এবারের নিউইয়র্ক সফরকালে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক সম্প্রদায়ের কাছ থেকে দু'টি সম্মাননা পাচ্ছেন। বাংলাদেশে সফল টিকাদান কর্মসূচির জন্য গ্লোবাল অ্যালায়েন্স ফর ভ্যাকসিন অ্যান্ড ইমিউনাইজেশন (জিএভিআই) প্রধানমন্ত্রীকে ভ্যাকসিন হিরো সম্মাননা দেবে। আর ইউনিসেফ এক অনুষ্ঠানে 'চ্যাম্পিয়ন অব স্কিল ডেভেলপমেন্ট ফর ইয়ুথ অ্যাওয়ার্ড' দেবে প্রধানমন্ত্রীকে। পররাষ্ট্রমন্ত্রী জানান, প্রধানমন্ত্রী ২৭ সেপ্টেম্বর ইউএনজিএ ৭৪তম বার্ষিক অধিবেশনে ভাষণ দেবেন। তার সঙ্গে ২৪ সেপ্টেম্বর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হবে এবং ২৮ সেপ্টেম্বর তিনি জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে বৈঠক করবেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**৪। রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা করবে চীন : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, মিয়ানমার যাদের ওপর নির্ভরশীল তারাই রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশকে সহযোগিতা করার আশ্বাস দিয়েছেন। চীন সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সে দেশের প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের সঙ্গে কথা বলেছেন। তাঁরা দুজনই রোহিঙ্গা প্রত্যাবাসনের প্রয়োজনয়ীতার কথা এক বাক্যে স্বীকার করেছেন। রোহিঙ্গা প্রত্যাবাসনে চীন বাংলাদেশকে সহযোগিতা করবে বলেও তাঁরা আশ্বাস দিয়েছেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, রোহিঙ্গারা মিয়ানমারে অবশ্যই ফিরে যাবে এবং সবাই একসঙ্গেই ফিরবে। রোহিঙ্গাদের মিয়ানমারে ফিরে যাওয়ার জন্য যা যা করার দরকার আমরা তাই করছি এবং আমরা অবশ্যই সফল হবো। তিনি বলেন, রোহিঙ্গা প্রত্যাবাসন বিলম্বিত হলে এবং অনিশ্চয়তা দেখা দিলে বাংলাদেশ, মিয়ানমারসহ রাখাইন অঞ্চলে বিনিয়োগকারীরাও ক্ষতিগ্রস্ত হবেন। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) জাতীয় প্রেসক্লাবে 'মিয়ানমারের রোহিঙ্গা নাগরিকদের স্বদেশে প্রত্যাবর্তন' বিষয়ক জাতীয় সংলাপে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৫। স্পিকারের সঙ্গে ব্রিটেনের প্রতিনিধিদলের সাক্ষাৎ :**
**মিয়ানমারের ওপর চাপ সৃষ্টি করতে বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহ্বান**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, সারা বিশ্বের জন্য রোহিঙ্গা ইস্যু একটি বড় সমস্যা। আন্তর্জাতিক সম্প্রদায়কে এ সমস্যার সমাধানে কার্যকর পদক্ষেপ নিতে হবে। রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসন টেকসই করতে মিয়ানমারকে উপযুক্ত পরিবেশ তৈরি করতে হবে। আন্তর্জাতিক সংস্থাসমূহকে মিয়ানমারের রাখাইন রাজ্য পরিদর্শন করে রোহিঙ্গাদের নির্যাতনের বাস্তব অবস্থা অনুধাবন করে মিয়ানমারের ওপর চাপ প্রয়োগের অনুরোধ জানান স্পিকার। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) স্পিকারের সঙ্গে ব্রিটেনের কনজারভেটিভ ফ্রেন্ডস অভ্ বাংলাদেশের চেয়ারম্যান অ্যানি মেইন'র নেতৃত্বে ২২ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সাক্ষাৎকালে তাঁরা রোহিঙ্গা সমস্যার শান্তিপূর্ণ সমাধান ছাড়াও নদী দূষণরোধ ও পরিবেশের ভারসাম্য রক্ষা নিয়েও আলোচনা করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

**৬। রোহিঙ্গাদের পাসপোর্ট দেওয়ায় জড়িত থাকলেই ব্যবস্থা**

**দুর্গাপূজার নিরাপত্তায় আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় সাড়ে ৩ লাখ সদস্য নিয়োজিত থাকবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, রোহিঙ্গা শরণার্থীদের পাসপোর্ট পেতে সাহায্যকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, শুধু আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কিংবা সরকারি কর্মকর্তারাই এর সঙ্গে জড়িত নন। আরো অনেক ধরণের মানুষ এ কাজে জড়িত। সবাইকে খুঁজে বের করে আইনি ব্যবস্থা নেওয়া হবে। শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সার্বিক নিরাপত্তাসংক্রান্ত সভাশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী জানান, এবার সারাদেশে **৩১** হাজার **১০০**টি পূজামণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। এর মধ্যে ঢাকায় **২৩৭**টি মণ্ডপে দুর্গাপূজার আয়োজন করা হয়েছে। আগামী ৫ অক্টোবর থেকে শুরু হতে যাওয়া পূজায় এবার প্রায় সাড়ে ৩ লাখ আইনশৃঙ্খলা বাহিনী নিরাপত্তায় নিয়োজিত থাকবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৭। ২০৩০ সালের মধ্যে এসডিজি লক্ষ্য অর্জনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, ২০৩০ সালের মধ্যে এসডিজি লক্ষ্য অর্জনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) সংসদ ভবনের শপথকক্ষে বাংলাদেশ সংসদ সচিবালয় ও জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ) আয়োজিত 'কনসাল্টেশন মিটিং অন দ্য নাইরোবি সামিট অন আইসিপিডি-২৫ এ্যাক্সেলারেটিং দ্য প্রোমিজ' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্পিকার বলেন, জনসংখ্যা ও উন্নয়ন পরস্পর সম্পর্কযুক্ত। জনগণের কল্যাণ নিশ্চিত হলে উন্নয়ন ফলপ্রসূ হয়। তিনি জনগণের অধিক কল্যাণ নিশ্চিত করতে সংসদ সদস্যদের জোরালো ভূমিকা রাখার আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **সংবাদ** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

**৮। মেঘালয়ের গভর্নরের সঙ্গে তথ্যমন্ত্রীর সাক্ষাৎ : পর্যটন শিল্পের বিকাশে ঐকমত্য**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ শিলংয়ে মেঘালয়ের গভর্নর তথাগত রায়ের সঙ্গে সাক্ষাৎ করেছেন। এ সময় বাংলাদেশের তথ্যমন্ত্রী ও মেঘালয়ের গভর্নর দুদেশের মানুষের বন্ধুত্ব এবং অর্থনৈতিক উন্নয়নকে এগিয়ে নিতে পর্যটন শিল্পের বিকাশের ওপর জোর দেন। কলকাতা-আগরতলা-শিলং সফরের শেষ দিন গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) তথ্যমন্ত্রী মেঘালয় রাজ্যের রাজধানী শিলংয়ে রাজ্য গভর্নরের আমন্ত্রণে তাঁর সঙ্গে প্রাতরাশ বৈঠকে মিলিত হন। তথ্যমন্ত্রী পর্যটন শিল্পের বিকাশের জন্য বাংলাদেশ সরকারের আন্তরিকতার কথা জানান। এ সময় তথ্যমন্ত্রী আগামী বছরের মার্চে বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উদ্‌যাপনের রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশ নিতে তথাগত রায়কে বাংলাদেশে আমন্ত্রণ জানান। বৈঠকে তথ্যমন্ত্রী মুক্তিযুদ্ধের সময় আন্তরিক সহযোগিতার জন্য গভর্নরকে মেঘালয়ের প্রতি বাংলাদেশের অকুণ্ঠ ধন্যবাদ জানান। তথাগত রায় তথ্যমন্ত্রীকে তাঁর নিজের লেখা 'যে দেশ আমাদের ছিল' গ্রন্থটি উপহার দেন। তথ্যমন্ত্রীও তাঁকে নৌকা স্মারক, ঐতিহ্যবাহী নকশিকাঁথা ও জামদানি উপহার দেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.২)।

**৯। আলোচনার মাধ্যমে গ্রামীণফোন রবির পাওনার বিষয়টি নিষ্পত্তি হবে : অর্থমন্ত্রী**

গ্রামীণফোন ও রবির পাওনা আদায়ে সরকার আইনি প্রক্রিয়ায় যাবে না বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, আলোচনার মাধ্যমে আমরা সমস্যা সমাধানের চেষ্টা করছি। আশা করছি, আগামী দুই থেকে তিন সপ্তাহের মধ্যে এ সমস্যার সমাধান হবে। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে মোবাইল ফোন অপারেটর গ্রামীণফোন, রবি ও বিটিআরসির মধ্যে এ সংক্রান্ত এক বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**১০। রপ্তানি লক্ষ্যমাত্রা এবারও ছাড়িয়ে যাবে : বাণিজ্যমন্ত্রী**

**১৮২ ব্যবসায়ী পেলেন সিআইপি কার্ড**

রপ্তানিপণ্য ও বাজার সম্প্রসারণের জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, গত অর্থ বছর আমরা রপ্তানি করেছি ৪৬ দশমিক ৮৭ বিলিয়ন ডলার। এ বছর ৫৪ বিলিয়ন ডলার রপ্তানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আমার বিশ্বাস, গতবারের ন্যায় এবারও রপ্তানির লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর একটি হোটেলে বাণিজ্য মন্ত্রণালয় এবং রপ্তানি উন্নয়ন ব্যুরো আয়োজিত সিআইপি (রপ্তানি) ও সিআইপি (ট্রেড)-২০১৭ কার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, ব্যবসায়ীরাই হলেন দেশের অর্থনীতির চালিকা শক্তি। তারাই দেশের অর্থনীতিকে এগিয়ে নিচ্ছেন। ২০১৭ সালে রপ্তানি ও ব্যবসা-বাণিজ্যে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে মোট ১৮২ ব্যবসায়ীকে সিআইপি (ট্রেড) নির্বাচিত করা হয়েছে। এরমধ্যে পণ্যখাতে ১৩৬ জন এবং ট্রেড ক্যাটাগরিতে ৪৬ জন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (শেষ পৃ,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১১। অনলাইনে ৯০ ভাগ খতিয়ান আপলোড করা হয়েছে : ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, ইতোমধ্যে ৯০ শতাংশের বেশি খতিয়ান ভূমি অনলাইন প্ল্যাটফর্মে আপলোড করা হয়েছে। খুব দ্রুত শতভাগ খতিয়ান অনলাইনে আপলোড করা হবে। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর সিরডাপ মিলনায়তনে অ্যাসোসিয়েশন ফর ল্যান্ড রিফর্ম অ্যান্ড ডেভেলপমেন্ট (এএএলআরডি) আয়োজিত 'বাংলাদেশ ল্যান্ড স্ট্যাটাস রিপোর্ট ২০১৭' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠান ও সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৩)।

**১২। ডেঙ্গু নির্মূলে পাঁচ বছর মেয়াদি প্রকল্পের সিদ্ধান্ত গ্রহণ : ডিএসসিসি মেয়র**

ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র সাঈদ খোকন বলেছেন, ডেঙ্গু নিয়ন্ত্রণ, নির্মূল এবং এর স্থায়ী সমাধানের লক্ষে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন একটি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। প্রাথমিকভাবে এ প্রকল্প হবে পাঁচ বছর মেয়াদি। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) নগর ভবনের ব্যাংক ফ্লোরে সিঙ্গাপুর সফরশেষে দেশে ফিরে ডেঙ্গু বিষয়ে অভিজ্ঞতা জানাতে আয়োজিত এক সংবাদসম্মেলনে মেয়র এসব কথা বলেন। মেয়র বলেন, ভবিষ্যতে এ শহরে এবারের মতো পরিস্থিতি যাতে সৃষ্টি না হয়, আগামী বছর যাতে আমরা আমাদের নাগরিকদের ডেঙ্গুর হাত থেকে রক্ষা করতে পারি সে প্রচেষ্টাই নেওয়া হচ্ছে। মেয়র আরো বলেন, আমাদের বিদ্যমান জনবল কাঠামো সংশোধনের মধ্য দিয়ে কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল এন্ড রিসার্চ ডিপার্টমেন্ট নামে একটা বিভাগ তৈরি করতে চাই, যার মাধ্যমে আমাদের গৃহীত প্রকল্প ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে পারি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ডেইলি সান** (পৃ.৩,ক.৪)।

**১৩। পর্যায়ক্রমে পুরো শিক্ষাব্যবস্থা জাতীয়করণ করা হবে : শিক্ষা উপমন্ত্রী**

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, এক সময় আমরা শিক্ষার প্রসারের ওপর গুরুত্ব দিয়েছি এবং এখন আমরা শিক্ষার গুণগত মান এবং অবকাঠামো উন্নয়নে জোর দিচ্ছি। এক্ষেত্রে আমরা যখন সফল হব তখন পর্যায়ক্রমে মাদ্রাসা শিক্ষাসহ সব শিক্ষাব্যবস্থাকে জাতীয়করণ করব। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর বসিলায় ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের আয়োজনে মাদ্রাসায় উচ্চশিক্ষা ব্যবস্থার উন্নয়ন শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বর্ক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**১৪। ৪২৮ কোটি টাকা ব্যয়ে চার ক্রয়প্রস্তাব মন্ত্রিসভা কমিটিতে অনুমোদন**

চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির প্রস্তাবসহ চারটি ক্রয়প্রস্তাবের অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। এতে ব্যয় হবে ৪২৮ কোটি ১৫ লাখ ৬০ হাজার টাকা। এর মধ্যে প্রাথমিক শিক্ষার উন্নয়নে ব্যয় হবে ১৪৯ কোটি ৩৩ লাখ ৫২ হাজার টাকা। এ প্রকল্প বাস্তবায়নে জাগরণী চক্র ফাউন্ডেশন, ব্র্যাক, আরডিআরএস, এফআইভিডিবি এ চার প্রতিষ্ঠানকে নির্বাচন করা হয়েছে। গতকাল (১৮ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এ চার ক্রয় প্রস্তাবের অনুমোদন দেয়া হয়। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** মানিকগঞ্জের সাটুরিয়া উপজেলার হরগজ শহীদ স্মৃতি উচ্চ বিদ্যালয়ের মাঠে চার যুগ ধরে চলছে গবাদি পশুর হাট উল্লেখ করে এ হাট বন্ধ করতে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** রোহিঙ্গা শরণার্থী সংকট সমাধানে বাংলাদেশের পক্ষে কূটনৈতিক তৎপরতা জোরদার হওয়া দরকার- পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির এ অভিমতকে সমর্থন জানিয়ে মিয়ানমারের ওপর চাপ তৈরি করতে পারে এমন দেশগুলোর সঙ্গে বাংলাদেশকে দ্বিপক্ষিয়ভাবে বসার ওপর গুরুত্বারোপ।

গ. **ইনকিলাব :** ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে কিশোর গ্যাংকালচারের উপদ্রবের কথা উল্লেখ করে এতে জড়িতদের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান আরো জোরদার করার পাশাপাশি এ কিশোর-তরুণদের পিতা-মাতা ও পৃষ্ঠপোষক 'বড়ভাইদের'ও জবাবদিহিতার আওতায় আনার পরামর্শ।

ঘ. **যায়যায়দিন :** বারবার সময় নির্ধারণ করা সত্ত্বেও ই-পাসপোর্ট সেবা চালু করা যায়নি উল্লেখ করে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** দেশে এখনও বিষাক্ত মৎস্য ও পশুখাদ্য আসছে উল্লেখ করে বিষাক্ত পশুখাদ্য আমদানি কঠোরভাবে বন্ধ করার পাশাপাশি এসবের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা বাড়ানোর আহ্বান ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** পেঁয়াজের মূল্য বৃদ্ধি রোধে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ছ. **ডেইলি সান :** মেঘনা গ্রুপের বিরুদ্ধে ২ কিলোমিটার মেঘনা নদীর পাড় দখল করার অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, এ ভূখণ্ডের জনগণ স্বাধীন স্বার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের প্রতিষ্ঠা করে নিজেদের গণতান্ত্রিক মূল্যবোধ ও জাতিসত্ত্বার মৌলিক পরিচয় সমুন্নত রেখেছে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'গণপরিবহণে-নারী নিরাপত্তা'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, গণপরিবহণে কোনো নারীর সঙ্গে যৌন হয়রানিমূলক আচরণ করা হলে অপরাধীর বিরুদ্ধে আইনের সর্বোচ্চ প্রয়োগ করতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা